বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২ বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম

স্মারক নং-২৬.০৯.০০০০.১০১.১১.০০৫.১৮-৭০৩

তারিখ: ১০ সেপ্টেম্বর ২০১৮ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাণিজ্য মন্ত্রণালয়ের ০৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখের ২৬.০০.০০০০.০৯০.১১.০৪১.১১(অংশ-১)-৩০২ নং ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ চা বোর্ড এবং বাংলাদেশ চা বোর্ড নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (বিটিআরআই) এর নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য যোগ্য এবং প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের কাছ থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম, কর্মস্থল ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | নিয়োগের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | প্রশাসনিক কর্মকর্তা<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড: ১০) | ০১ (এক)টি | স্নাতকোত্তর ডিগ্রী। সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংস্থাপন কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২ | ফোরম্যান<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ১২৫০০-৩০২৩০ (গ্রেড: ১১) | ০১ (এক)টি | প্রযুক্তি বিষয়ে সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা প্রাপ্ত হতে হবে। |
| ০৩ | ফার্ম সুপারভাইজার<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ১২৫০০-৩০২৩০ (গ্রেড: ১১) | ০১ (এক)টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাশ এবং ২ বছরের কৃষি ডিপ্লোমা অথবা বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। চা চাষে এবং শ্রমিক ব্যবস্থাপনায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৪ | সিনিয়র মেকানিক<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০ (গ্রেড: ১৪) | ০১ (এক)টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাশসহ সংশ্লিষ্ট বৃত্তিমূলক প্রতিষ্ঠান হতে সার্টিফিকেটধারী হতে হবে। |
| ০৫ | প্রধান শিক্ষক, প্রাইমারী<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০ (গ্রেড: ১৪) | ০১ (এক)টি | বি, এডসহ ২য় শ্রেণীর স্নাতক। শিক্ষকতায় ও প্রাথমিক বিদ্যালয় পরিচালনায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৬ | সার্ভেয়ার<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০ (গ্রেড: ১৪) | ০২ (দুই)টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাশসহ সার্ভে ফাইনাল পরীক্ষা পাশ। |
| ০৭ | মিড ওয়াইফ<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ (গ্রেড: ১৬) | ০১ (এক)টি | সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ধাত্রী বিদ্যায় সার্টিফিকেটধারী হতে হবে। |
| ০৮ | প্লাম্বার<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ (গ্রেড:১৬) | ০১ (এক)টি | প্লাম্বিং কার্যে ট্রেড অথবা ভোকেশনাল সার্টিফিকেট থাকতে হবে। ওয়াটার সাপ্লাই ও স্যানিটারী কার্যে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৯ | জেনারেটর অপারেটর<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ (গ্রেড: ১৬) | ০১ (এক)টি | ভারী ডিজেল ও পেট্রোল জেনারেটর ও ইঞ্জিন চালনায় অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাশ। |
| ১০ | ক্যান্টিনম্যান<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম<br>বেতন স্কেল: ৮৫০০-২০৫৭০ (গ্রেড: ১৯) | ০১ (এক)টি | এস এস সি পাশ/ সংশ্লিষ্ট বিষয়ে সমমানের কারিগরী প্রশিক্ষণ প্রাপ্ত। কোন প্রতিষ্ঠিত বৃহত্তর রেষ্টুরেন্টে ক্যান্টিনম্যান অথবা সহকারী ক্যান্টিনম্যান হিসাবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ১১ | চেইনম্যান<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০ (গ্রেড:২০) | ০১ (এক)টি | ৮ম শ্রেণী পর্যন্ত। স্বাস্থ্যবান ও কায়িক পরিশ্রম করতে ইচ্ছুক হতে হবে। |
| ১২ | মালী<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০ (গ্রেড:২০) | ০১ (এক)টি | ৮ম শ্রেণী পর্যন্ত শিক্ষাগত যোগ্যতা এবং পুষ্প উদ্যান পরিচর্চায় পারদর্শী হতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। চাকরির আবেদন ফরম বাংলাদেশ চা বোর্ডের ওয়েবসাইট: www.teaboard.gov.bd-এ পাওয়া যাবে। প্রার্থীদের চাকরির নির্ধারিত আবেদন ফরমের নির্দেশ অনুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদান করতে হবে। অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনের সাথে সংযুক্ত কোন কিছুই ফেরৎযোগ্য নয়।

০২। চাকরির আবেদন ফরমের সাথে অবশ্যই ক) চাকরির প্রার্থীর সদ্য তোলা ৪ (চার) কপি ৫×৫ সে. মি. সাইজের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে); এবং খ) সচিব, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে ০১-০৩ নং ক্রমিকের পদের জন্য ২০০/- (দুইশত) টাকা ও ০৪-১২ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার(অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং তা ইস্যুকৃত ব্যাংক এর শাখার নাম আবেদন ফরমে উল্লেখ করতে হবে।

০৩। নিয়োগের ক্ষেত্রে কোটা সংরক্ষণ সংক্রান্ত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৪। বাংলাদেশ চা বোর্ডের ১৩ আগষ্ট ২০১৮ তারিখের ২৬.০৯.০০০০.১০১.১১.০০৪.১৮-৬৪২ নং নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যেসকল প্রার্থী সার্ভেয়ার পদের জন্য আবেদন করেছেন তাদের ০৬ নং ক্রমিকের সার্ভেয়ার পদের জন্য পুণরায় আবেদন করার প্রয়োজন নেই।

০৫। ০১-০৩ নং ক্রমিকের পদসমূহের জন্য সকল জেলার প্রার্থী এবং ০৪-১২ ক্রমিকের পদসমূহের জন্য নরসিংদী, ফরিদপুর রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, দিনাজপুর, নীলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট, বাগেরহাট, ঝিনাইদহ, নড়াইল, বরিশাল, ভোলা, ঝালকাঠি ও বরগুনা জেলা ব্যতিত অন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

০৬। ০১-১২ নং ক্রমিকে উল্লেখিত পদে প্রার্থীদের বয়স ১০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে অনুর্ধ ৩০ বছর হতে হবে তবে মহিলা, মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃ গোষ্ঠী প্রার্থীদের নিয়োগের ক্ষেত্রে সরকার নির্ধারিত সর্বোচ্চ বয়স সীমা প্রযোজ্য হবে।

০৭। প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত সকল কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে এবং সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) এর কপি, প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট এর কপি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র এর কপি ও সকল সনদপত্র ও কাগজপত্রের কপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে।

০৮। বিদেশি বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অবশ্যই জমা দিতে হবে।

০৯। মুক্তিযোদ্ধা কোটা দাবীর ক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রসংখ্যা ০৩.০৭৭.০১.০৪৬.০০.০৪.২০১০-৩৫৬, তারিখ ৭-১১-২০১০ মোতাবেক প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

১০। চাকরির আবেদন সচিব, বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী সড়ক, নাসিরাবাদ, চট্টগ্রাম-৪২১০, এই ঠিকানায় আগামী ১০ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১১। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যেই তাদের আবেদন পৌঁছাতে হবে। কোন অগ্রিম কপি গৃহীত হবে না।

১২। প্রার্থী যে পদের জন্য আবেদন করবেন সে পদের নাম খামের উপরে বাম দিকে লিখতে হবে।

১৩। এই বিজ্ঞপ্তি প্রকাশের কারণে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষা গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নয়। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। বাংলাদেশ চা বোর্ড নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।

১৬। আবেদনকারীর নাম ও আবেদন পত্রে উল্লিখিত বর্তমান ঠিকানা লিপিবদ্ধ করে ১০/- টাকার ডাকটিকেট সম্বলিত ১০"×৪.৫" মাপের একটি ফেরত খাম আবেদনের সঙ্গে প্রেরণ করতে হবে।

১৭। যে কোন প্রকারের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

২০/৯/১৮

চেয়ারম্যান
বাংলাদেশ চা বোর্ড
এর পক্ষে সচিব

F:\Silver Spoon\Man Power\Recruitment\2018\Part-5\job advertisment.docx